ইত্তেফাক

তারিখ 26 FEB 2009
পৃষ্ঠা ৩



অস্ট্রেলিয়ান হাইকমিশনের অস্ট্রেলিয়ান ট্রেড কমিশন এবং আইডিপি এডুকেশনের যৌথ উদ্যোগে ৩ দিনব্যাপী অস্ট্রেলিয়া শিক্ষামেলা গতকাল বুধবার ঢাকা সোনারগাঁ হোটেলের বলরুমে ফিতা কেটে উদ্বোধন করেন অস্ট্রেলিয়ার হাইকমিশনার ডঃ জাস্টিন লী। এ সময় উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়া হাইকমিশনের অস্ট্রেডের বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার মোস্তাফিজুর রহমান, কান্ট্রি ম্যানেজার মিনহাজ চৌধুরী এবং এইডিপি এডুকেশন অস্ট্রেলিয়ার স্থানীয় পরিচালক শরিফ রহমান প্রমুখ

# অস্ট্রেলিয়ান শিক্ষা মেলা শুরু

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

রাজধানীর সোনারগাঁও হোটেলে দুই দিনব্যাপী অস্ট্রেলিয়ান শিক্ষা মেলা শুরু হয়েছে। অস্ট্রেলিয়ান ট্রেড কমিশন ও আইডিপি এডুকেশন যৌথভাবে এ মেলার আয়োজন করেছে। গতকাল বুধবার সকালে মেলার উদ্বোধন করেন বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার ড. জাস্টিন লী।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় অস্ট্রেলিয়ার হাইকমিশনার বলেন, অস্ট্রেলিয়ার উন্নতমানের বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বাংলাদেশী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণের জন্য অস্ট্রেলিয়া সব সময়ই স্বাগত জানায়। তিনি জানান, বর্তমানে বিশ্বের ১৪০টির অধিক দেশের ৩ লাখ শিক্ষার্থী অস্ট্রেলিয়ায় লেখাপড়া করছে। তাদের মধ্যে বাংলাদেশী শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৬ হাজার। তিনি বলেন, অস্ট্রেলিয়ার ১ হাজার ১০০টির অধিক প্রতিষ্ঠানে প্রায় ২৫ হাজার কোর্সে শিক্ষা দেয়া হয়।

অস্ট্রেলিয়ার হাইকমিশনার বলেন, অস্ট্রেলিয়ায় বিদেশী ছাত্রদের জন্য উন্নতমানের জীবন-যাপন ও নিরাপদ শিক্ষার পরিবেশ নিশ্চিত করা হয়ে থাকে। বিশ্বের অনেক দেশের তুলনায় অস্ট্রেলিয়ার বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার মান উন্নত। এছাড়া শিক্ষার ব্যয়ও তুলনামূলক কম।

অনুষ্ঠানে অস্ট্রেলিয়ান ট্রেড কমিশনের কান্ট্রি ম্যানেজার মিনহাজ চৌধুরী ও বিজনেস ডেভলপমেন্ট ম্যানেজার মোস্তাফিজুর রহমান এবং আইডিপি এডুকেশনের কান্ট্রি ম্যানেজার শরিফ রহমান উপস্থিত ছিলেন।

আজ বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত মেলা চলবে। আগামীকাল শুক্রবার মেলায় অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করবে। মেলায় প্রবেশ মূল্য ২০ টাকা। অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলো হচ্ছে: অস্ট্রেলিয়ান ইনস্টিটিউট অব কমার্স এন্ড ল্যাংগুয়েজ, চিসহল্ম ইন্সটিটিউট, কারটিন ইউনিভার্সিটি, ডেকিন ইউনিভার্সিটি, ল্যাট্রোব ইউনিভার্সিটি, মেলবোর্ন ইনস্টিটিউট অব বিজনেস এন্ড টেকনোলজি, মেলবোর্ন ইন্সটিটিউট অব টেকনোলজি, মোনাস ইউনিভার্সিটি, সুইনবার্ন ইউনিভার্সিটি, টিএফই এনএসডব্লিউ, দি ইউনিভার্সিটি অব নিউ সাউথ ওয়েলস এবং ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন সিডনি।